

Visit of Foreign Secretary Shri Vinay Kwatra to Nepal (February 13–14, 2023)

February 10, 2023

বিদেশ সচিব শ্রী বিনয় কোয়াত্রার নেপাল সফর (ফেব্রুয়ারি 13–14, 2023)

ফেব্রুয়ারি 10, 2023

নেপালের বিদেশ সচিব শ্রী ভরত রাজ পউদয়ালের আমন্ত্রণে বিদেশ সচিব শ্রী বিনয় কোয়াত্রা 13-14 ফেব্রুয়ারি, 2023 সরকারি সফরে নেপাল যাবেন। দায়িত্ব নেওয়ার পর বিদেশ সচিবের এটাই প্রথম একাকী নেপাল সফর।

2. দুই দেশের মধ্যে নিয়মিত উচ্চপর্যায়ের আদানপ্রদানের পরম্পরার সাথে সংগতি রেখেই এই সফর এবং তা 'প্রতিবেশী প্রথম' নীতির সাথে সামুজ্য রেখে ভারত নেপালকে যে গুরুত্ব দেয় এটা তার প্রতিফলন। সফরে দুই বিদেশসচিব ভারত ও নেপালের মধ্যে যে বহুমুখী সহযোগিতা রয়েছে তা নিয়ে বিস্তারিত আলোচনা করবেন।

3. ভারতের সাথে নেপালের ঐতিহাসিক ও সন্ত্যতাগত সম্পর্ক রয়েছে এবং সাম্প্রতিক বছরগুলিতে কতগুলি গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্প ও সীমান্ত যোগাযোগ প্রকল্প ভারতের সহযোগিতায় সমাপ্ত হওয়ায় এই সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এই সফর সুবর্ণ সুযোগ এনে দিয়েছে।

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.